



দিল্লির জনবহুল লাল কেল্লার কাছে ভয়ঙ্কর বিস্ফোরণে নিহত ৮



সংগৃহীত ছবি

দিল্লির লাল কেল্লার কাছে আজ (১০ নভেম্বর) সোমবার সন্ধ্যায় একটি পার্ক করা গাড়িতে ভয়াবহ বিস্ফোরণ ঘটে। এতে কমপক্ষে আটজন নিহত হয়েছেন। হতাহত ও অনেক হয়েছে।

ভারতের সংবাদমাধ্যম 'দ্য হিন্দু'-এর প্রতিবেদনে বলা হয়েছে, বিস্ফোরণের ধাক্কা এত প্রবল ছিল যে কাছাকাছি থাকা গাড়ির জানালা ভেঙে যায় এবং সেখানে আগুন লাগে। একই সঙ্গে এলাকা জুড়ে বিস্ফোরণের শব্দ শোনা যায় এবং নিকটবর্তী ভবনগুলোতে কম্পন অনুভূত হয়। সামাজিক মাধ্যমে প্রকাশিত একটি ভিডিওতে দেখা যায়, জ্বলন্ত গাড়ি থেকে আগুনের লেলিহান শিখা বের হচ্ছে।

দিল্লি ফায়ার সার্ভিস জানিয়েছে, ঘটনাস্থলে সাতটি দমকল ইউনিট পাঠানো হয়েছে। পুলিশ এলাকা ঘিরে রেখেছে এবং উচ্চ সতর্কতা জারি করেছে। বিস্ফোরণটি বোমা সংক্রান্ত কিনা তা এখনো নিশ্চিত নয়। উত্তরপ্রদেশেও একই কারণে সতর্কতা বাড়ানো হয়েছে।

দিল্লি পুলিশ জানিয়েছে, এ পর্যন্ত কমপক্ষে আটজন নিহত হয়েছেন এবং আরও অনেকে আহত হয়েছেন। আহতদের হাসপাতালে পাঠানো হয়েছে। ঘটনা স্থলে আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েন করা হয়েছে।